গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী

(সাধারণ শাখা)

মানসম্মত শিক্ষা, সেবা এবং দুর্নীতিবিরোধী কার্যক্রম সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ হুমায়ুন কবীর খোন্দকার, জেলা প্রশাসক, ফেনী

স্থান : জেলা প্রশাসক, ফেনীর সম্মেলন কক্ষ

তারিখ : ০৯/১০/২০১৪ সময়ঃ ১২.১৫ টা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | মানসম্মত শিক্ষা বাস্তবায়ন | মানসম্মত শিক্ষার বিষয়ে জেলা সদরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। জেলা সদরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ মানসম্মত শিক্ষা, সেবা এবং দুর্নীতিবিরোধী কার্যক্রম সংক্রান্ত উপকমিটির আহবায়কগণ এবং উপজেলা পর্যায়ে অনুরূপ কমিটি মাসে অন্তত ২ টি করে বিদ্যালয় পরিদর্শন নিশ্চিত করবেন ।<br>২। জেলা শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয় পরিদর্শন করার ব্যাপারে ছোট আকারে একটি ছক তৈরী করা হয়েছে এবং উক্ত ছকটি বিদ্যালয় পরিদর্শনকারী কর্মকর্তাগণকে দেয়ার জন্য শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>৩। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বিদ্যালয় পরিদর্শন করতে গিয়ে নিজ নিজ কার্যক্রমের বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।<br>৪। কমিটির সদস্যগণকে বিনা নোটিশে স্কুল পরিদর্শন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। পরিদর্শন প্রতিবেদনের অনুলিপি এ কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপকমিটির আহবায়কগণ; উপজেলা নির্বাহী অফিসার (সকল); জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।<br>২। জেলা শিক্ষা অফিসার, ফেনী।<br>৩।বিদ্যালয় পরিদর্শনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা।<br>৪।বিদ্যালয় পরিদর্শনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা।<br>৫।বিদ্যালয় পরিদর্শনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ২ | সেবা কার্যক্রম | মনিটরিং কমিটির মনিটরিং অব্যাহত থাকলে সেবা কার্যক্রম আরো জোরদার হবে। জেলা সদরের বিভিন্ন অফিস/সরকারি প্রতিষ্ঠানের সেবাদান কার্যক্রমকে আরো গতিশীল করার জন্য এবং স্কুল কলেজে ছাত্র/ছাত্রীদের মাঝে সেবামূলক মনোভাব গড়ে তোলার জন্য সভায় আলোচনা করা হয়। সেবা নিতে আসা মানুষ যাতে হয়রানী না হয় সে বিষয়টির প্রতি লক্ষ্য রাখা এবং সাথে সাথে সাধারণ মানুষকে সেবা গ্রহণে আগ্রহী করে তোলার লক্ষ্যে সচেতনতা সৃষ্টি করা যেমন সরকারী হাসাপাতালে গিয়ে কম টাকায় চিকিৎসা গ্রহণ করা, যুব উন্নয়নে প্রশিক্ষণ নিয়ে স্বাবলম্বী হওয়া এসব ব্যাপারে সচেতন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জেলা এবং উপজেলা পর্যায়ে গঠিত মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। এক্ষেত্রে সেবা প্রত্যাশী মানুষকে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করার জন্য এবং উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সমন্বয় কমিটির সভা এবং বিভিন্ন সভার মাধ্যমে সেবা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা পর্যায়ে গঠিত মনিটরিং কমিটি এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৩ | দুর্নীতি প্রতিরোধ | জেলা ও উপজেলা পর্যায়ে দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যদের নিয়ে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির প্রসঙ্গে আলোচনা হয়। সভায় এ মর্মে অভিমত প্রকাশ করা হয় যে, অফিস প্রধানগণ দুর্নীতির বিরুদ্ধে সর্বাগ্রে সোচ্চার হলে দুর্নীতি প্রতিরোধ করা অনেকাংশে সম্ভব। প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের ছাত্র-ছাত্রীদেরকে দুর্নীতির বিষয়ে সচেতন করা এবং দুর্নীতির বিরুদ্ধে কি কি আইন আছে তা আলোচনা করার জন্য সংশ্লিষ্ট শিক্ষকগণকে অনুরোধ করা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যগণ দুর্নীতি প্রতিরোধ বিষয়ে অধিকতর কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | বিবিধ | ১। প্রতিটি বিদ্যালয়ের শিক্ষা কমিটি এবং উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক নিয়মিত সভা অনুষ্ঠান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। উপজেলা শিক্ষা কমিটি এবং বিদ্যালয় শিক্ষা কমিটি নিয়মিত সভা অনুষ্ঠানপূর্বক সভার কার্যবিবরণী জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে প্রেরণ করবেন। যদি দৃষ্টি আকর্ষণের কোন বিষয় থাকে তখন জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| | | ২। শ্রেণিকক্ষে ছাত্র-ছাত্রীদেরকে পর্যায়ক্রমে সামনে-পিছনের বেঞ্চে বসানোর বিষয়ে আলোচনা করা হয়। শিক্ষকগণকে শতভাগ পাঠ পরিকল্পনা অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠদানের বিষয়ে আলোচনা করা হয়। | ২। ছাত্র-ছাত্রীদেরকে পর্যায়ক্রমে সামনে-পিছনে বসার বিষয়ে এবং শিক্ষকগণকে পাঠ পরিকল্পনা অনুযায়ী শিক্ষাদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। জেলা শিক্ষা অফিসার, ফেনী। |
| | | ৩। সকল বিষয়ে সৃজনশীল পদ্ধতিতে পাঠদানের বিষয়ে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের উভয়ের বুঝাতে এবং বুঝতে অসুবিধা সৃষ্টি হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। | ৩। এ ব্যাপারে শিক্ষকদেরকে প্রশিক্ষণ দেয়া হচ্ছে মর্মে সভায় জানানো হয়। | ৩। জেলা শিক্ষা অফিসার, ফেনী। |
| | | ৪। কম্পিউটার ল্যাব নষ্ট হওয়ার ব্যাপারে আলোচনা করা হয়। | ৪। যেসব স্কুলে কম্পিউটার ল্যাব নষ্ট হয়ে গিয়েছে সেগুলো সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ৪।উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা শিক্ষা অফিসার, ফেনী। |
| | | ৫। কম্পিউটার ল্যাবের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। | ৫। যেসব শিক্ষক কম্পিউটার ল্যাবের প্রশিক্ষণ নিয়েছে সেসব শিক্ষককে অন্য শিক্ষকদের প্রশিক্ষণ দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ৫। জেলা শিক্ষা অফিসার, ফেনী। |
| | | ৬। এ জেলায় কতগুলো স্কুলে ল্যাব আছে সে বিষয়ে আলোচনা করা হয়। | ৬। এ জেলায় ২৬৫ টি কম্পিউটার ল্যাব আছে মর্মে সভায় জানানো হয়। ল্যাবগুলো চালু আছে কিনা, সঠিকভাবে রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত হচ্ছে কিনা তার তথ্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬। জেলা শিক্ষা অফিসার, ফেনী। |
| | | ৭। শিক্ষকগণ নিয়মিত স্কুলে আসে কিনা, ম্যানেজিং কমিটির মিটিং হয় কিনা, শিক্ষক পদ খালি আছে কিনা, পাঠদানে কোন সমস্যা আছে কিনা, আশে পাশের পরিবেশ ঠিক আছে কিনা, বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদেরকে নিয়ম-কানুন, নৈতিক শিক্ষা, কারিগরি শিক্ষার ব্যাপারে জোর দেয়া, স্যানিটেশন বিষয়ে শিক্ষা এবং পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে শিক্ষা দেয়া হয় কিনা, জাতীয় পতাকা উত্তোলন করা হয় কিনা, জাতীয় সংগীত পরিবেশন করানো হয় কিনা, সমাবেশ হয় কিনা, প্রধান শিক্ষকগণ গঠনমূলক বক্তব্য রাখেন কিনা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। | ৭। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বিদ্যালয় পরিদর্শন করতে গিয়ে এসব বিষয়গুলোর প্রতি লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা হয়। | ৭। বিদ্যালয় পরিদর্শনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| | | ৮। দুর্যোগ প্রশমনের বিষয়ে ছাত্র-ছাত্রীদেরকে বিদ্যালয়ে গিয়ে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | ৮। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগকে অনুরোধ করা হয় এবং তাদেঁরকে এ ব্যাপারে সহযোগিতা প্রদান করার জন্য জেলা শিক্ষা অফিসার এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ৮। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী। |

আর কোন আলোচনা না থাকায় দেশ ও জনগণের জন্য একটি সুন্দর ভবিষ্যৎ গড়ার লক্ষ্যে সকলকে নিজ নিজ দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভাপতি সভার কাজ শেষ করেন।

(মোঃ হুমায়ুন কবীর খোন্দকার)
জেলা প্রশাসক
ফেনী

স্মারক নং- ০৫.২০.৩০০০.০০৫.০৬.০০১.১৪- ৫২৬ (৬০)

তারিখঃ ২৬/১০/২০১৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩। ......................................................... গোলাম

জেলা প্রশাসক
ফেনী